# প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি আরবের উচ্চপর্যায়ের প্রতিনিধি দলের সাক্ষাৎ



ছবি: পিএম

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন সৌদি আরবের পরিবহন ও রসদ পরিষেবা বিষয়ক উপমন্ত্রীর নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল। বুধবার (১৫ জুলাই) জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশ ও সৌদি আরবের দ্বিপাক্ষিক সম্পর্ক, বিনিয়োগ বৃদ্ধি এবং অবকাঠামো উন্নয়ন খাতে সহযোগিতা সম্প্রসারণের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এ সময় দুই দেশের মধ্যকার বিদ্যমান সম্পর্ক আরও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করা হয়।

সৌদি প্রতিনিধিদল জানায়, তারা বাংলাদেশের বন্দর খাতে বড় পরিসরে বিনিয়োগে আগ্রহী। বিশেষ করে একটি বে টার্মিনাল নির্মাণের পাশাপাশি দেশের বন্দর ব্যবস্থাপনায় বিনিয়োগ বাড়ানোর পরিকল্পনার কথাও তারা তুলে ধরে।

এছাড়া বন্দর খাতের পাশাপাশি রেলপথ ও অন্যান্য অবকাঠামো খাতে বিনিয়োগের সম্ভাবনাও পর্যালোচনা করছে সৌদি প্রতিষ্ঠানগুলো। ভবিষ্যতে এ বিষয়ে দুই দেশের মধ্যে আরও বিস্তারিত আলোচনা হতে পারে বলে বৈঠকে উল্লেখ করা হয়।

প্রধানমন্ত্রী বাংলাদেশে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করায় সৌদি প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান এবং সরকারের বিনিয়োগবান্ধব নীতি ও উদ্যোগ সম্পর্কে তাদের অবহিত করেন। জবাবে সৌদি প্রতিনিধিরা বাংলাদেশ ও সৌদি আরবের অর্থনৈতিক সহযোগিতা আরও বিস্তৃত করার আশাবাদ ব্যক্ত করেন।